

১০০ দিনের টাকা দিতে টাস্ক ফোর্স

আজকালের প্রতিবেদন

১০০ দিনের জব কার্ডধারীদের বকেয়া টাকা ব্যাঙ্কে সুষ্ঠুভাবে পাঠাতে মঙ্গলবার এই টাস্ক ফোর্স গঠন করল পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর। দপ্তরের সচিব পি উলগানাথনের নেতৃত্বে এই টাস্ক ফোর্স কাজ করবে। ২১ লক্ষেরও বেশি জবকার্ডধারী শ্রমিক ১ মার্চ টাকা পাবেন। যাতে কোনও ভূয়ো জবকার্ডধারী এই সুবিধা পেয়ে না যান তার জন্য এই বিশেষ সতর্কতা অবলম্বন করা হচ্ছে। টাকা দেওয়া নিয়েও যাতে কোনও অনিয়মের অভিযোগ না ওঠে বা কারও অ্যাকাউন্টে দু'বার

টাকা চলে না যায়, সে-বিষয়েও নজর রাখবে টাস্ক ফোর্স। পঞ্চায়েত দপ্তরের এক শীর্ষ আধিকারিকের কথায়, কেন্দ্র দীর্ঘদিন ১০০ দিনের কাজের বরাদ্দ টাকা আটকে রেখেছে। রাজ্য সেই টাকা দিচ্ছে। হিসাব যাতে ঠিক থাকে তাও নিশ্চিত করবে এই টাস্ক ফোর্স। পঞ্চায়েতগুলিকে সতর্ক করে দেওয়া হয়েছে, তালিকায় একই প্রাপকের নাম যেন দু'বার না থাকে। মৃত জবকার্ডধারীদের নাম যেন বাতিল করা হয়। বাড়ি বাড়ি গিয়ে সেই তথ্য যাচাইও করে দেখেছে গ্রামপঞ্চায়েতের কমিটি। তারপরেও সতর্কতা অবলম্বন করতে এই টাস্ক ফোর্স গঠন করা হয়েছে।